

# **া** সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ১২২২ [আন্তর্জাতিক নাম্বারঃ ৫৯২]

৫। মাসজিদ ও সালাতের স্থানসমূহ (كتاب المساجد ومواضع الصلاة)

পরিচ্ছেদঃ ২৬. সালাতের পর যিকর মুস্তাহাব এবং এর বিবরণ

باب اسْتِحْبَابِ الذِّكْرِ بَعْدَ الصَّلاَةِ وَبَيَانِ صِفَتِهِ

#### আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ، وَابْنُ، نُمَيْرٍ قَالاَ حَدَّثَنَا أَبُو مُعَاوِيَةَ، عَنْ عَاصِمٍ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ الْحَارِثِ، عَنْ عَائِشَةَ، قَالَتْ كَانَ النَّبِيُّ صلى الله عليه وسلم إِذَا سَلَّمَ لَمْ يَقْعُدْ إِلاَّ مِقْدَارَ مَا يَقُولُ " اللَّهُمَّ أَنْتَ السَّلاَمُ وَمِنْكَ السَّلاَمُ تَبَارَكْتَ ذَا الْجَلاَلِ وَالإِكْرَامِ " . وَفِي رِوَايَةِ ابْنِ نُمَيْرٍ " يَا ذَا الْجَلالِ وَالإِكْرَامِ " .

#### বাংলা

১২২২-(১৩৬/৫৯২) আবূ বকর ইবনু আবূ শায়বাহ ও ইবনু নুমায়র (রহঃ) ..... আয়িশাহ (রাযিঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, সালাতে সালাম ফিরানোর পরে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ততটুকু সময় বসতেন- "আল্লহুম্মা আনতাস সালা-মু ওয়া মিনকাস সালা-মু তাবা-রকতা যাল জালা-লি ওয়াল ইকর-ম" (অর্থাৎ- হে আল্লাহ!
তুমিই শান্তিময় এবং তোমার থেকে শান্তি আসে। তুমি কল্যাণময় এবং সম্মান ও প্রতিপত্তির অধিকারী।)- এ
দু'আটা পড়তে যতটুকু সময় লাগে।

ইবনু নুমায়র এর একটি বর্ণনায় وَالْإِكْرَامِ এর স্থলে يَا ذَا الْجَلاَلِ وَالْإِكْرَامِ উল্লেখ আছে। (ইসলামী ফাউন্ডেশন ১২১১, ইসলামীক সেন্টার ১২২৩)

## **English**

### 'A'isha reported:

When the Messenger of Allah () pronounced salutation, he salutation longer than it took him to say: O Allah: Thou art Peace, and peace comes from Thee, blessed art Thou, Possessor of Glory and JHonour; and in the narration of Ibn Numair the words are: "O Possessor of Glory and Honour."

### হাদিসের শিক্ষা



\* এই হাদীস হতে শিক্ষণীয় বিষয়:

১। এই হাদীসটির দ্বারা প্রমাণিত হয় যে, ইমাম জামাআতের সহিত নামাজ শেষ করে সালাম ফিরানোর পর তার নামাজ পড়ার স্থান থেকে অন্য দিকে চলে যেতে পারে। কেননা, এই হাদীসটির দ্বারা সাধারণভাবে এটাই প্রমাণিত হয় যে, আল্লাহর রাসূল [সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম] তাঁর নামাজ পড়ার স্থানে নামাজের সালাম ফিরিয়ে শুধু উক্ত জিকিরটি বলা পর্যন্ত বসতেন। এবং অতি সত্বর সেই স্থান থেকে অন্য স্থানে চলে যেতেন নফল নামাজ পড়ার জন্য। কিন্তু ইসলাম ধর্মের পণ্ডিতগণের মধ্যে থেকে কতকগুলি পণ্ডিত বলেছেন যে, আল্লাহর রাসূল [সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম] নামাজের সালাম ফিরিয়ে শুধু উক্ত জিকিরটি বলা পর্যন্ত কেবলামুখী হয়ে বসতেন, তার পর নামাজের জামাআতের লোকের দিকে মুখ ফিরিয়ে বসতেন। এই বিষয়ে মহান আল্লাহই অধিক জানেন।

২। ফরজ নামাজের সালাম ফিরানোর পর অনেক পঠনীয় জিকিরের কথা আল্লাহর রাসূল [সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম] থেকে বিভিন্ন অবস্থায় এবং বিভিন্ন সময় বর্ণিত হয়েছে। উক্ত জিকিরগুলির মধ্যে রয়েছে এই জিকিরটি:

"أَللَّهُمَّ أَنْتَ السَّلاَمُ وَمِنْكَ السَّلامُ، تَبَارَكْتَ يَا ذَا الْجَلالِ وَالإِكْرَامِ".

অর্থ: "হে আল্লাহ, আপনি প্রশান্তি দাতা, আর আপনার কাছেই রয়েছে সকল প্রকারের শান্তি, আপনি অধিকতর কল্যাণময়, হে মর্যাদাবান এবং মহানুভব মহিমান্বিত"।

আবার এটাও সঠিক হাদীসের মধ্যে উল্লিখিত হয়েছে যে, আল্লাহর রাসূল [সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম] নামাজের সালাম ফিরানোর পর তিনবার পাঠ করতেন:

"أُسْتَغْفِرُ اللهَ".

অর্থ: " আমি আল্লাহর কাছে ক্ষমা প্রার্থনা করছি"।

অতঃপর বলতেন:

"أَللَّهُمَّ أَنْتَ السَّلاَمُ وَمِنْكَ السَّلامُ، تَبَارَكْتَ يَا ذَا الْجَلال وَالإِكْرَامِ".

( দেখতে পারা যায় সহীহ মুসলিম, হাদীস নং ১৩৫ - (৫৯১) ।

৩। উক্ত জিকিরের মধ্যে রয়েছে:

"اَللَّهُمُّ أَنْتَ السَّلاَمُ"

আস্পালাম শব্দটি এখানে মহান আল্লাহর একটি নাম হিসেবে ব্যবহার করা হয়েছে। এর অর্থ হলো: "হে আল্লাহ! আপনি সমস্ত দোষ ক্রটি এবং অসম্পূর্ণতা হতে সম্পূর্ণ মুক্ত। এবং যে সমস্ত বস্তুর আপনি উপযোগী নন, সেই



সমস্ত বস্তু হতে আপনার পবিত্রতা ও মহা উৎকৃষ্টতার ঘোষণা করছি।

এবং مِنْكَ السَّلامُ এর অর্থ হলো: হে আল্লাহ আপনি শান্তি প্রদান কারী, আপনার কাছেই রয়েছে সকল প্রকারের শান্তি।

এবং يَا ذَا الْجَلالِ وَالإِكْرَامِ এবং وَ هَ هُ هُ هُ هُ هُ هُ هُ هُ الْجُلالِ وَالإِكْرَامِ وَالإِكْرَامِ وَالإِكْرَامِ

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন